প্রথম আলো

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
bkkf.portal.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৩৪.০৫.০০০০.০০০.১৩.১৫৭.২৪ (অংশ)-৬৩ তারিখঃ ০৬/০২/২০২৬ খ্রি.

বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরে জাতীয় ক্রীড়া ভাতা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের সদস্যদের মাসিক/এককালীন ক্রীড়া ভাতা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন দাখিলের আহ্বান জানানো যাচ্ছে। ফাউন্ডেশনের ওয়েবসাইট bkkf.portal.gov.bd-এর জাতীয় ক্রীড়া ভাতা সেবা-বক্সের ৩ নং ক্রমিকে (জাতীয় ক্রীড়া ভাতার জন্য আবেদন করুন) ক্লিক করে আবেদন করা যাবে অথবা sports-allowance.onilne.info.bd টাইপ করে আবেদনের অনলাইন সফটওয়্যারে প্রবেশ করে আবেদনকারীর নিজস্ব মোবাইল নম্বরের মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করে আবেদন দাখিল করতে পারবেন।

শর্তাবলী

আবেদনকারীকে অসচ্ছল, অসমর্থ, প্রাক্তন ও বয়স্ক ক্রীড়াবিদ হতে হবে

১। পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধনপত্র সংযুক্তি বাধ্যতামূলক;
২। আবেদনকারীর নিজস্ব হিসাব নম্বর, ব্যাংক শাখার রাউটিং নম্বর এবং ব্যাংক চেক-এর একটি পাতা বা ব্যাংক স্টেটমেন্ট বাধ্যতামূলক;
৩। ইউনিয়ন পরিষদ বা সিটি কর্পোরেশন কর্তৃক বাৎসরিক আয়ের প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে;
৪। ক্রীড়া সম্পৃক্ততার সনদ (ফেডারেশন/বিভাগীয় ক্রীড়া সংস্থা/ জেলা ক্রীড়া সংস্থা/ক্রীড়া ক্ষেত্রে সফলতার সনদ) সংযুক্তিকরণ বাধ্যতামূলক;
৫। মৃত ক্রীড়াসেবীর ক্ষেত্রে মৃত্যুসনদ ও ওয়ারিশ সনদ সংযুক্ত বাধ্যতামূলক;
৬। সকল ধরণের সনদ ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে;

অনলাইন আবেদন দাখিলের জন্য উপরোক্ত শর্তসমূহ সঠিকভাবে অনুসরণ করে ০৬/০২/২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ০৭/০৩/২০২৬ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

ক্রীড়া ভাতা প্রদানের সকল কার্যক্রম ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

নির্বাহী পরিচালক
জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
ফোনঃ +৮৮০ ২২৩৩৫৩৫৭১